ISSN2278-1978

# সাহিত্য বিশারী

## বাংলা দেশ সাহিত্য সংস্কৃতি
## বিশেষ সংখ্যা



বর্ষবরণ সংখ্যা ১৪২৫

নবকলেবর
অষ্টবিংশতি সংখ্যা
রথযাত্রা, ২৯ শে আষাঢ়, ১৪২৫
১৪ ই জুলাই, ২০১৮

পরিচালন সমিতি
প্রধান উপদেষ্টা : ড. তরুণ মুখোপাধ্যায়
সম্পাদকমণ্ডলী : অধ্যাপিকা কৃষ্ণা বসু, ডঃ সুনীল দাশ, জ্যোতির্ময় দাশ, ডঃ ঋতম্ মুখোপাধ্যায়, অধ্যাপিকা অমৃতা ঘোষাল।

প্রকাশক ও সম্পাদকের দপ্তর
রঞ্জনা মিত্র
ডি এল ৯৯, সেক্টর ২, বিধাননগর, কলকাতা - ৭০০ ০৯১
চলভাষ : ৯৮৩১৮২৯৫৬৩ দূরভাষ : (০৩৩) ২৩৫৯ ১৭১৬

প্রচ্ছদ শিল্পী
অমিত মণ্ডল

অক্ষর বিন্যাস
পাপু চক্রবর্তী
শিশির মার্কেট, শিয়ালদহ, কলকাতা

মুদ্রক
এ. জি. অফসেট
৭/১, গুরুদাস দত্ত গার্ডেন, কলকাতা - ৭০০ ০৭৮

বিনিময় মূল্য
১০০ টাকা (একশত টাকা)

# সূচীপত্র


## সম্পাদকীয়

## শতবর্ষ ১১

নারায়ণ গঙ্গোপাধ্যায়ের ছোটগল্পে শিক্ষক-ছাত্র সম্পর্ক — সঞ্চারী হালদার ২০
গোর্কি ১৫০ : তিক্ত অথচ মধুর — ঋতম্ মুখোপাধ্যায়

## সাম্প্রতিক বাংলাদেশের কবি ও সাহিত্যিক

*প্রবন্ধ* ২৮
বাংলাদেশের কবিতা : জীবনের বহুমাত্রিক শিল্পভাষ্য — ফজলুল হক তুহিন ৩৫
বাংলাদেশের ছোটগল্পের ধারা : বৈশিষ্ট্য ও প্রবণতা — শহীদ ইকবাল ৫২

*বাংলাদেশের কবিতাগুচ্ছ*
- জাহাঙ্গীর ফিরোজ • আল মাহমুদ • রেজাউদ্দিন স্টালিন
- তমিজ উদ্‌দীন লোদী • কাজী নাসির মামুন • সায়ীদ আবুবকর
- ফজলুল হক তুহিন • রহমান হেনরী • ময়ূখ চৌধুরী
- মতিন বৈরাগী • শাহীন রেজা • মতিন বৈরাগী • আমিনুল ইসলাম
- নূর কামরুন নাহার • মহম্মদ নুরুল হুদা • নয়ন আহমেদ

*বাংলাদেশের গল্প* ৬৩
কচ্ছপ শিকারি — তানবীর মুহাম্মদ ৭০
খনন — নাজিব ওয়াদুদ ৮০
সমবৃত্ত — নূর কামরুন নাহার

## প্রবন্ধ

পুরাণ ভাবনায় জসীমুদ্দিন ও শামসুর রাহমান — তরুণ মুখোপাধ্যায় ৮৬
শামসুর রাহমানের কবিতা : প্রেমের অ্যালকেমি — অমৃতা ঘোষাল ৯০
শূন্য বা প্রথম দশকের কবিতা : বাংলাদেশ — নবীন ভরদ্বাজ ৯৪
আবু হাসান শাহরিয়ার : এক আত্মবিশ্বাসী কবির নাম — জ্যোতির্ময় দাশ ৯৮
নির্মলেন্দু গুণের সমাজ ও রাজনীতি বোধ : বৃহত্তর মানবতার তৃতীয় কক্ষ — মণিমালা বাগানী ১০২
'হিমু'-র আড়ালে স্যাটায়ার : ব্যঙ্গের তীরে বিদ্ধ দেশ-কাল-সমাজ — সৌরভ মজুমদার ১০৯
হাসান আজিজুল হকের গল্পে বাস্তবতার অন্দরমহল — স্বর্ণাক্ষী ধর ১১৭
ভাষা আন্দোলনের প্রেক্ষাপটে বাংলাদেশের ছোটগল্প — বর্ণালী পাল ১২৫
তুমি ভাল থেকো প্রিয় দেশ — সুস্মিতা সাহা ১২৯

## নাট্য ভাবনা

বাংলাদেশের হৃদয় হতে ভালোবাসার আলপনা — সুনীল দাশ ১৩৪
সেলিম আল দীন ও বাংলা নাটক : কেরামতমঙ্গল ও এগারো দোজখের কিসসা — অর্পণ দাস ১৩৯

# শামসুর রাহমানের কবিতা : প্রেমের অ্যালকেমি

## অমৃতা ঘোষাল

'কোনো পরিচিতাকে' কবিতায় কবি শামসুর রাহমান (১৯২৯ - ২০০৬) লিখেছিলেন—

"প্রত্যহের দীপে তুমি তুলে ধরো
আত্মার গহন নিঃসঙ্গতা, নক্সী-কাঁথা-বোনা রাতে
স্বপ্নের প্রভায় জ্বলো। তোমার সত্তায় কী উজ্জ্বল
নিশঙ্ক অপ্রতিরোধ্য ফল জ্বলে, স্বর্গের সম্ভার।"

— (শামসুর রহমান, 'কোনো পরিচিতাকে', শামসুর রাহমানের শ্রেষ্ঠ কবিতা, দে'জ পাবলিশিং, জানুয়ারি ২০০০, পৃ. ২৫)

নিঃসঙ্গতা আর দ্রোহ যেখানে কাব্য জিজ্ঞাসার মায়া-উচ্চারণে বন্দী, সেখানেই কবি শামসুর রাহমান ছড়িয়ে দিলেন প্রেম-চেতনার কোলাজ-ফর্ম। অসংজ্ঞেয় কিন্তু অনির্ণেয় নয় এই চেতনা। দুর্বোধ্য কিন্তু দুর্নিরীক্ষ্য নয় এই প্রেম। অসমীক্ষিত সূত্রেই শামসুর রাহমানের কাব্যে প্রেম অলখকোরার ন্যায় বিদ্যমান। নাগরিক ক্লান্তিতে বিধ্বস্ত, শব্দ-সংবেদনায় ঋদ্ধ, ভাবা-যন্ত্রণার প্রত্যক্ষী পুরুষ সত্যিই কখনও কখনও নরম অনুভূতির কাছে নতজানু হন। তাঁর প্রেম পর্যবেক্ষণ কখনও বিমর্ষ শূন্যতায় গন্ধবাহী, কখনও বা প্রাপ্তির উত্তুঙ্গ মুহূর্তের স্বরলিপি। ('খণ্ডিতা নারী এখনো আলোর আলিঙ্গনে")

'আত্মজীবনীর খসড়া' লিখতে বসে কবি হঠাৎ প্রত্যক্ষ করেন এক ঝাঁক ব্যর্থ বিহঙ্গ। ওরা ফিনিক্স নাকি 'ঝড়ের পরের পাখি', যারা নারীর মনে সংগুপ্ত চিরকস্তুরী সন্ধান করে। কো-ফেমিনিজম্-এর প্রচ্ছন্ন প্রক্ষেপ হয়তো পড়ে যখন রহস্যময়ী অথচ পরিচিতার চোখে 'জারুলের বন' ছায়া ফেলে। সে ছায়া বহু অভিজ্ঞতায় 'নিতুই নব', তাই 'সম্পন্ন'। নারীর তিনটি সত্তা অবলীলায় প্রকট হয়ে ওঠে— শিশুর রক্ষয়িত্রী, স্বামীর বক্ষ-বিলাসিনী ও অন্তরাত্মার নিঃসঙ্গতায় দীর্ণ স্বপ্ন-ভ্রান্ত নায়িকা।

পল্লী বাংলার আদিকল্প নারীটির ছবি কোথাও কী কবির অবচেতনের প্রেম-মুগ্ধতাকেই সংকেতিত করে? আদ্যন্ত মানব-দরদী, ভাষা সচেতন, জন্মভূমি-সংবেদী কবি হঠাৎ-ই কোনও 'বহুবল্লভা'-র আচরণে আস্তিত্বিক বিপন্নতা বোধ করেন। আসলে, কোনও আকরণগত বৈধতা মানব-মনের ওপর খাটে না। তাই নারীর কল্যাণী শ্রী-রূপটি নিমেষে শরীরের প্রায়োগিক প্রদর্শনী হয়ে উঠলে কবি তাতে খুঁজে পাবেন ক্লান্তির সমিধ। আর খুঁজে পাবেন সেই নায়িকাকে, 'পুরুষের কবন্ধ বিনোদ'-কে যে নারী পরা-বাস্তবিক